132

দৈনিক ইনকিলাব

তারিখ 27 FEB 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার হালচাল

# দক্ষিণাঞ্চলে ৩২ লাখ শিশু এখনও বিদ্যালয়ে যায় না

দেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু হলেও দক্ষিণাঞ্চলে ৩২ লাখ শিশু এখনও বিদ্যালয়ে যায় না। শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় দক্ষিণাঞ্চলের ১০টি জেলায় উল্লেখিত শিশুরা বিদ্যালয়ে যাচ্ছে না। একটি সূত্র জানায়, ঝিনাইদহ, মাগুরা, যশোর, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, সাতক্ষীরা, নড়াইল ও বাগেরহাট জেলায় সর্বমোট ৪৫টি থানার স্কুলে গমনোপযোগী ৬ থেকে ১০ বছর শিশুর সংখ্যা প্রায় ৮৬ লাখ। এর মধ্যে বালক ৪৬ লাখ, ২৩ হাজার এবং বালিকা ৩৮ লাখ ৭ হাজার। খাতাপত্রে যেসব শিশুর নাম অন্তর্ভুক্ত রয়েছে তার মধ্যে শতকরা ৩৫ ভাগ শিশু বিদ্যালয়ে যায় না। একটি নির্ভরযোগ্য সূত্র জানায়, যেসব শিশুরা বিদ্যালয়ে যায় না তার একমাত্র কারণ, দরিদ্রতাই। প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত এসব শিশুদের অধিকাংশই অভাবগ্রস্ত দরিদ্র পরিবারের সন্তান। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী অভিভাবকরা তাদের ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠানোর চেয়ে অন্যান্য কাজে নিয়োজিত করাটাই অধিক লাভজনক মনে করে থাকে। অপর একটি সূত্র জানায়, সন্তানদের বিদ্যালয়ে পাঠালে বইপত্র লাগে না ঠিকই, কিন্তু খাতা, কলম ও বিদ্যালয়ে যাবারউপযোগী পোশাক যোগাড় করতে হিমসিম খেতে হচ্ছে।

—মহাসিন মিলন